

# যুগান্তর

প্রিন্ট: ১৪ ডিসেম্বর ২০২৫, ০৯:১৪ এএম

শিক্ষাঙ্গন

## সরকারি স্কুলের মেধাতালিকায় ১ লাখ ৭ হাজার ৫২১, বেসরকারিতে প্রায় ২ লাখ



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১১ ডিসেম্বর ২০২৫, ০৯:২৪ পিএম



ফাইল ছবি

সরকারি-বেসরকারি স্কুলে প্রথম থেকে নবম শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষার্থী বাছাই ডিজিটাল লটারির ফল প্রকাশ করা হয়েছে। বৃহস্পতিবার (১১ ডিসেম্বর) দুপুর আড়াইটার দিকে আনুষ্ঠানিকভাবে লটারির ফল প্রকাশ করা হয়।

প্রকাশিত ফলাফলে দেখা যায়, সরকারি স্কুলে প্রথম মেধাতালিকায় স্থান পেয়েছে ১ লাখ ৭ হাজার ৫২১ জন। আর বেসরকারি স্কুলে নির্বাচিত হয়েছে ১ লাখ ৯৭ হাজার ৯৭৮ জন।

এর আগে বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার দিকে ডিজিটাল লটারির কারিগরি কাজ শুরু করা হয়। রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এ লটারি অনুষ্ঠানের আয়োজন করে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)।

ফল প্রকাশ অনুষ্ঠানে মাউশির মাধ্যমিক উইংয়ের পরিচালক অধ্যাপক ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল বলেন, ডিজিটাল লটারিতে সফটওয়্যারের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে ছাত্র-ছাত্রীদের নির্বাচন করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা মেনে আসন শূন্য থাকা সাপেক্ষে এবং প্রার্থীর স্ব স্ব ক্ষেত্রে ক্লাশ, শিফট ও পছন্দের ক্রমানুযায়ী বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে।

তিনি বলেন, মাউশি ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) সরাসরি তত্ত্বাবধানে এ ডিজিটাল অনলাইন লটারি করা হয়েছে। এর মাধ্যমে ছাত্র-ছাত্রী নির্বাচন কার্যক্রমে শতভাগ সঠিকতা ও স্বচ্ছতা নিশ্চিত করা হয়েছে। এ পদ্ধতিতে মানুষের আস্থা ফিরেছে এবং ভর্তি বাণিজ্য বন্ধ করা সম্ভব হয়েছে।